

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০৪

১/ বিবিধ

আরবী

الجمعة واجبة على كل قرية فيها إمام، وإن لم يكونوا إلا أربعة حتى ذكر صلى الله عليه وسلم ثلاثة

موضوع

رواه ابن عدي (65/2) عن معاوية بن سعيد التجيبي عن الحكم بن عبد الله بن سعيد عن الزهري عن أم عبد الله الدوسية مرفوعا وقال

" الحكم أحاديثه كلها موضوعة، وما هو منها معروف المتن فهو باطل بهذا الإسناد

، وما أمليت له عن القاسم بن محمد والزهري وغيرهما كلها مما لا يتابعه

الثقات عليه

ومن طريقه أخرجه ابن منده في " المعرفة " (2/358/2) والدارقطني (165 و166) وقال

الزهري لا يصح سماعه من الدوسية، والحكم هذا متروك

وقال في موضع آخر

ولا يصبح هذا عن الزهري، كل من رواه عنه متروك

(فائدة) : لقد اختلفت أقوال العلماء كثيرا في العدد الذي يشترط لصحة صلاة

الجمعة حتى بلغت إلى خمسة عشر قولا، قال الإمام الشوكاني في " السيل الجرار



" وليس على شيء منها دليل يستدل به قط، إلا قول من قال: إنها تنعقد جماعة الجمعة بما تنعقد به سائر الجماعات قلت: وهذا هو الصواب إن شاء الله تعالى

বাংলা

১২০৪। সেই সব গ্রামে জুম'আর সালাত আদায় করা ওয়াজিব যেখানে ইমাম রয়েছে, যদিও তারা সংখ্যায় চারজন হয়, এমনকি তিন জনের কথাও রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উল্লেখ করেন।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আদী (২/৬৫) মুয়াবিয়্যাহ ইবনু সাঈদ আত-তুজায়বী হতে, তিনি হাকাম ইবনু আদিল্লাহ ইবনে সাঈদ হতে, তিনি যুহরী হতে, তিনি উম্মু আবদিল্লাহ দাওসিয়্যাহ হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ হাকামের হাদীসগুলো সবগুলোই বানোয়াট। সেগুলোর মধ্য থেকে যেটির ভাষা প্রসিদ্ধ এ সনদে সেটি বাতিল। আমি তার যে হাদীস কাসেম ইবনু মুহাম্মাদ ও যুহরী প্রমুখ হতে লিখিয়েছি নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ সে সবগুলোর অনুসরণ করেননি।

তার সূত্রেই ইবনু মান্দা "আল-মা'রেফাহ" গ্রন্থে (২/৩৫৮/২) ও দারাকুতনী (১৬৫, ১৬৬) হাদীসটি বর্ণনা করে বলেছেনঃ দাওসিয়্যাহ হতে যুহরীর শ্রবণ সাব্যস্ত হওয়াটা সঠিক নয় আর এ হাকাম মাতরূক।

তিনি অন্যত্র বলেনঃ এ হাদীসটি যুহরী হতে সহীহ নয়। যে ব্যক্তিই হাদীসটি তার থেকে বর্ণনা করেছেন তিনিই মাতরুক।

ফায়েদাঃ জুম'আর সালাত বিশুদ্ধ হওয়ার জন্য কতজন মুসল্লী উপস্থিত থাকা শর্তযুক্ত এ মর্মে বহু মতভেদ করা হয়েছে। এমনকি পনেরো ধরনের মতামত প্রদান করা হয়েছে। ইমাম শাওকানী "আস-সাইলুল জারার" গ্রন্থে (১/২৯৮) বলেনঃ এ সম্পর্কে এমন কোন সহীহ দলীল সাব্যস্ত হয়নি যে তার দ্বারা দলীল গ্রহণ করা যেতে পারে। তবে সে ব্যক্তির মতটিই সঠিক যিনি বলেছেন যে, জুম'আর সালাত ততজনেই কায়েম করা যাবে যতজনে অন্যান্য সালাতের জামা'আত কয়েম করা যায়।

আমি (আলবানী) বলছিঃ ইনশাআল্লাহ এ মতটিই সঠিক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 72083$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন